

প্রেস বিজ্ঞপ্তি

রূপপুরের পারমাণবিক বর্জ্য রাশিয়া ফেরত নিয়ে যাবে: এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর

ঢাকা ৩০ আগস্ট ২০১৭:

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক বর্জ্য (Spent Nuclear Fuel) রাশিয়া ফেরত নিয়ে যাবে। বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে এ সংক্রান্ত আন্তর্জাতিক চুক্তি (IGA) আজ রাশান ফেডারেশনের রাজধানী মস্কোতে স্বাক্ষরিত হয়।

বাংলাদেশের পক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এবং রাশিয়ার পক্ষে স্টেট অ্যাটমিক এনার্জি কর্পোরেশন রোসাটম-এর মহাপরিচালক অ্যালেক্সেই লিখাশেভ (Alexey E.Likhachev) চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মোঃ আনোয়ার হোসেন, রাশিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ড. সাইফুল হক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প পরিচালক ড. শৌকত আকবর এবং রোসাটম এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

চুক্তিটি এর আগে ১৫ মার্চ ২০১৭ তারিখে ঢাকায় অনুস্বাক্ষরিত হয় এবং ৫ জুন ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বৈঠকে অনুমোদিত হয়। এই চুক্তিটির আওতায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক বর্জ্য বাংলাদেশ থেকে রাশিয়া সে দেশে ফেরত নিয়ে যাবে। রাশিয়া এই পারমাণবিক বর্জ্য ফেরত নেওয়ার পর পুনঃপ্রক্রিয়াকরণ এবং পুনঃপ্রক্রিয়াজাত পদার্থের ব্যবস্থাপনাসহ বর্জ্য সংরক্ষণ করবে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের শুরু থেকেই বাংলাদেশ পারমাণবিক বর্জ্য রাশিয়ায় ফেরত পাঠানোর ওপর গুরুত্ব দিয়ে আসছে। এ বিষয়টি ২০১১ সালে স্বাক্ষরিত IGA তেও উল্লেখ ছিল। আজকে এ (Spent Nuclear Fuel) সংক্রান্ত IGA স্বাক্ষরের ফলে পারমাণবিক বর্জ্য রাশিয়ায় ফেরত পাঠানো নিশ্চিত হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ কামরুল ইসলাম ভূইয়া)

তথ্য অফিসার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ফোনঃ ৯৫৪০৩৮৭ (অফিঃ)

মোবাঃ ০১৬৭২-৮৯ ৭৭ ৮৯

E-mail: buyankamrul@gmail.com